# উপজেলা পরিষদের অক্টোবর-২০২৩ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ মোখছেদুল মোমিন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
সৈয়দপুর, নীলফামারী।
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, সৈয়দপুর।
তারিখ : ২৬ অক্টোবর ২০২৩ খ্রিঃ।
সময় : বেলা-১১.০০টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-" ক " এবং অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-" খ "তে দেখানো হয়।

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান।

উপজেলা নির্বাহী অফিসার সকলকে স্বাগত জানিয়ে সভা পরিচালনার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুরোধক্রমে এজেন্ডা ভিত্তিক সভার কার্যক্রম শুরু করেন।

আলোচনাঃ-১, গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ

সভায় ২৭.০৯.২০২৩ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় গত কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

সিদ্ধান্তঃ-১, বিস্তারিত আলোচনান্তে গত ২৭.০৯.২০২৩ তারিখের সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

আলোচনাঃ-২, উপজেলা পরিষদের কমিটির সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ-

আলোচ্য সময়ে উপজেলা কমিটির কোন সুপারিশ পাওয়া যায়নি।

সিদ্ধান্তঃ-২, বিস্তারিত আলোচনান্তে কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতির বরাবরে উপস্থাপনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনাঃ-৩, সরকারী পরিপত্র নিয়ে আলোচনাঃ-

আলোচ্য সময়ে কোন সরকারী পরিপত্র পাওয়া যায়নি।

সিদ্ধান্তঃ-৩, সরকারী পরিপত্র পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনাঃ-৪, মাননীয় জাতীয় সংসদ সদস্য কর্তৃক প্রেরিত সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ-

আলোচ্য সময়ে মাননীয় জাতীয় সংসদ সদস্য ১৫, নীলফামারী-৪ মহোদয়ের প্রতিনিধি উপস্থিত না থাকায় কোন সুপারিশ পাওয়া যায়নি।

সিদ্ধান্তঃ-৪, মাননীয় জাতীয় সংসদ সদস্য ১৫, নীলফামারী-৪ কর্তৃক কোন সুপারিশ ও নির্দেশনা পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

## বিভাগীয় আলোচনা ঃ

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৫ উপজেলা প্রকৌশল দপ্তর/বার্ষিক উন্নয়ন কর্মসূচি | উপজেলা প্রকৌশলী ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় গৃহীত প্রকল্পসমূহ যাচাই অন্তে চূড়ান্ত অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। এছাড়াও তিনি জানান যে, নভেম্বর/২০২৩ মাসে সৈয়দপুর উপজেলার ০৩টি নতুন সড়ক কার্পেটিংসহ ০৩টি সড়ক মেরামত করা হবে। এছাড়াও কামারপুকুর ইউনিয়নের কাঁচারী ঘাটে সেতু নির্মানের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। | সিদ্ধান্ত ৫ ঃ ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় গৃহীত প্রকল্পসমূহের কাজ দ্রুত সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী |
| নারী বান্ধব ও নারী উন্নয়ন বিষয়ক | আলোচনাঃ ০৬ উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সভায় নারী উন্নয়ন তথা উন্নয়নমূলক কাজে নারীদের অংশগ্রহণের বিষয়ে আলোচনা করেন। | সিদ্ধান্ত ৬ ঃ বিস্তারিত আলোচনান্তে নারী উন্নয়ন ক্ষেত্রে সময়োপযোগী পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। ইউএনও<br>২। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান। |
| উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ দপ্তর | আলোচনাঃ ৭.১ উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, সৈয়দপুরের প্রতিনিধি হাজারীহাট উপ-স্বাস্থ্য কেন্দ্রে নতুন ভবন নির্মানের জন্য চেয়াম্যান, উপজেলা পরিষদ ও | সিদ্ধান্ত ৭.১ ঃ ১) সৈয়দপুর উপজেলায় করোনাভাইরাসের ভ্যাকসিন গ্রহণের জন্য মানুষদের মাঝে সচেতনতা তৈরীর | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আন্তরিক ধন্যবাদ জানান। অতঃপর তিনি সভায় জানান যে, হাসপাতালের আউটডোর চিকিৎসা কার্যক্রম চালু রয়েছে। এছাড়াও ১৪টি কমিউনিটি ক্লিনিক নিয়ে দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে। করোনাভাইরাসের ভ্যাকসিন নিয়মিত প্রদান করা হচ্ছে। | সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২) জন্ম নিবন্ধন ও মৃত্যু নিবন্ধন টাস্কফোর্স কমিটির সভা নিয়মিত আয়োজন করার জন্য অনুরোধ করা হলো। | (সকল) |
| উপজেলা কৃষি দপ্তর | আলোচনাঃ ৭.২ উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, মাঠে বিদ্যমান ফসলের অবস্থা মোটামুটি ভালো। সার ও তেলের মজুদ যথেষ্ট পরিমানে রয়েছে। এছাড়া কৃষি বিষয়ে কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদানসহ সার ও ডিজেলের মূল্য ও মজুদ পরিস্থিতি নিয়মিত তদারকি করা হচ্ছে। | সিদ্ধান্ত ৭.২ ঃ কৃষির বিষয়ে কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করতে হবে। সার ও ডিজেলের মূল্য ও মজুদ পরিস্থিতি নিয়মিত তদারকির সিদ্ধান্ত গৃহীত হলো।<br>প্রকৃত কৃষকদের মাঝে কৃষি প্রণোদনা বিতরণসহ কৃষি প্রণোদনা গ্রহণকারীদের ডাটাবেইজ তৈরী করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার |
| উপজেলা প্রাণি সম্পদ দপ্তর | আলোচনাঃ ৭.৩ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সভায় জানান যে, পিপিআর ভ্যাকসিন প্রদান কার্যক্রম সম্পন্ন হয়েছে। ভ্যাকসিনের স্টক রয়েছে। প্রয়োজনে প্রদান করা যাবে। তিনি আরও জানান যে, দুধ,ডিম ও মাংসের উৎপাদন বৃদ্ধির লক্ষে তাঁর দপ্তর হতে মাঠ পর্যায়ে টিকাদান ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। এছাড়াও গবাদিপশুর চিকিৎসাসহ প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। খামার স্থাপন,ঘাস চাষসহ ইত্যাদি বিষয়ে পরামর্শ প্রদান অব্যাহত রয়েছে। | সিদ্ধান্ত ৭.৩ ঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সৈয়দপুরকে ডিম, মাংস উৎপাদন বৃদ্ধিসহ গৃহপালিত পশু-পাখির রোগবালাই প্রতিরোধে প্রয়োজনীয় কার্যক্রম চালু রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>সুস্থ ও রোগমুক্ত পশু জবাই এর কার্যক্রম মনিটরিং জোরদার করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর | আলোচনাঃ ৭.৪ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মা ইলিশ আহরণ, পরিবহন, বাজারজাতকরণসহ ক্রয় বিক্রয় বন্ধে প্রয়োজনীয় কার্যক্রম চলমান রয়েছে। কারেন্ট জালসহ বিভিন্ন নিষিদ্ধ উপকরণ ব্যবহার করে মাছ ধরা রোধে মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। এছাড়া সৈয়দপুর উপজেলায় বিভিন্ন প্রজাতির মৎস্য চাষ বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণসহ মৎস্য চাষের বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ ও বিভিন্ন সহায়তা তাঁর দপ্তর হতে প্রদান করা হচ্ছে। | সিদ্ধান্ত ৭.৪ ঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে এ উপজেলায় দেশীয় মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ১০০ শয্যা হাসপাতাল | আলোচনাঃ ৭.৫ আবাসিক মেডিকেল অফিসার, ১০০ শয্যা হাসপাতাল, সৈয়দপুর সভায় উপস্থিত না থাকার কারনে তাঁর দপ্তর নিয়ে আলোচনা করা সম্ভব হয়নি। | সিদ্ধান্ত ৭.৫ আবাসিক মেডিকেল অফিসার, ১০০ শয্যা বিশিষ্ট হাসপাতালকে পরবর্তী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | আবাসিক মেডিকেল অফিসার, ১০০ শয্যা হাসপাতাল |
| উপজেলা সমাজসেবা দপ্তর | আলোচনাঃ ৭.৬ উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় সভায় জানান যে, সামাজিক নিরাপত্তার আওতায় ভাতাভোগীদের লাইফ ভেরিফিকেশন চলছে। ডিজিটাল প্রতারণার হাত থেকে বাঁচার জন্য ভাতাভোগীদেরকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.৬ ঃ (১) উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে সামাজিক নিরাপত্তা বেষ্টনির আওতায় সকল ভাতাভোগীদের ভাতা প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করার জন্য বলা হলো।<br>(১) প্রতারকদের ফোন নম্বরগুলি সংগ্রহের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| উপজেলা শিক্ষা দপ্তর | আলোচনাঃ ৭.৭ উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, শতভাগ উপবৃত্তি প্রদানের জন্য সকল শিক্ষার্থীদের জন্মনিবন্ধন প্রয়োজন। বিভিন্ন কারনে এ বিষয়ে অধিক সময় লাগার কারনে কার্যক্রম বাধাগ্রস্ত হচ্ছে। এছাড়া শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনসহ তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি বন্যাদূর্গত মানুষের মাঝে শুকনা খাবার বিতরণের জন্য উপজেলা চেয়ারম্যান | সিদ্ধান্ত ৭.৭ ঃ উপজেলা শিক্ষা অফিসারকে এ উপজেলা প্রকৃত ঝরে পড়া শিক্ষার্থীর হার নির্ণয়ের জন্য অনুরোধ করা হলো। অনুপস্থিত ছাত্র/ছাত্রীদের বাড়িতে গিয়ে তার পরিবারের সাথে আলোচনাপূর্বক অনুপস্থিত থাকার কারনটি প্রধান | উপজেলা শিক্ষা অফিসার |



CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| | মহোদয়কে ধন্যবাদ জানান। | শিক্ষকের দায়িত্বে নিশ্চিত করতে হবে। জন্মনিবন্ধন সংক্রান্ত বিষয়ে কেউ হয়রানীর শিকার হলে তা দ্রুত অবহিত করতে হবে। এছাড়াও ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টারকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধ। | |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | আলোচনাঃ ৭.৮ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সৈয়দপুর সভায় জানান যে, নতুন পাঠ্যক্রম অনুযায়ী ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির শিক্ষার্থীদেরকে বাস্তবমূখী পাঠদান নিশ্চিত করা হচ্ছে। কোন শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদান সংক্রান্ত কোন সমস্যা পাওয়া গেলে দ্রুত অবহিত করার অনুরোধ জানান। উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তরের নির্মীয়মান নতুন ভবনের লে-আউটকৃত স্থানে উপজেলা আনসার ভিডিপি অফিসের টয়লেট রয়েছে যা অপসারণ করা প্রয়োজন। বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.৮ ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকতাকে প্রত্যন্ত অঞ্চলের বিদ্যালয়সমূহে মানসম্মত শিক্ষা প্রদানের জন্য মনিটরিং বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হলো।<br>যে সকল স্কুল বা মাদ্রাসায় ছাত্র/ছাত্রীদের উল্লেখ্যযোগ্য উপস্থিতি নাই এবং ফলাফল সন্তোষজনক নাই সেগুলো পরিদর্শন করে পরবর্তী সভায় পেশ করার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>হুকলীপাড়া দাখিল মাদ্রাসা,খালিশা বেলপুকুর স্কুল এন্ড কলেজ এবং বালাপাড়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি সংক্রান্ত সমস্যা দ্রুত সমাধান করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| উপজেলা খাদ্য দপ্তর | আলোচনাঃ ৭.৯ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, খাদ্যবান্ধব কর্মসূচির সুবিধাভোগীদের ডাটাবেইজ তৈরীর কাজ চলছে। এছাড়া দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.৯ ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সৈয়দপুরকে খাদ্য গুদামে কর্মরত শ্রমিকদের ডাটাবেইজ তৈরীর জন্য বলা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| উপজেলা নির্বাচন দপ্তর | আলোচনাঃ ৭.১০ উপজেলা নির্বাচন অফিসার, সৈয়দপুর সভায় জানান যে, জাতীয় নির্বাচন আসন্ন। এ বিষয়ে দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে। নির্বাচনের কারনে ভোটার স্থানান্তর প্রক্রিয়া বন্ধ রয়েছে। এছাড়া নতুন ভোটার নিবন্ধনসহ দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.১০ ঃ উপজেলা নির্বাচন অফিসার, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য বলা হলো। | উপজেলা নির্বাচন কর্মকর্তা |
| উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | আলোচনাঃ ৭.১১ উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, জন্ম নিয়ন্ত্রণ ও পরিবার পরিকল্পনা বিষয়ে দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে। চলতি মাসে ইমপ্লান্ট-৭১টি, স্বাভাবিক প্রসব-৬৯, সিজারিয়ান-০০ এবং মৃত জন্ম-০০। ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রের বিদ্যমান কমিটির সভাগুলো নিয়মিত আয়োজনের জন্য ইউনিয়ন চেয়ারম্যানগণের নিকট অনুরোধ জানান। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.১১ ঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সৈয়দপুরকে কমিউনিটি ক্লিনিকগুলোর কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে নিয়মিত পরিদর্শন করে প্রতিবেদন দাখিলের জন্য বলা হলো। এছাড়াও জন্ম নিবন্ধনের নিমিত্বে FWV এবং FWA কর্তৃক নবজাতকের তথ্য ফরম আকারে ইউনিয়ন পরিষদে নিয়মিত সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ক্লিনিকের কার্যাক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য জনবল বৃদ্ধিসহ ক্লিনিকের FWC এর আর্থিক সহায়তা বৃদ্ধির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান হয়।<br>ক্লিনিকসমূহের সেবার মান বৃদ্ধির লক্ষ্যে একটি সভা আহবানপূর্বক কার্যকর প্রস্তবনা প্রস্তুতের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | আলোচনাঃ ৭.১২ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বরাদ্দ না পাওয়ার কারনে প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা সম্ভব হয়নি। এছাড়া ঋণ বিতরণ ও | সিদ্ধান্ত ৭.১২ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে তাঁর দপ্তরের প্রশিক্ষণ, ঋণ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | আদায়সহ দপ্তরের অন্যান্য প্রকল্প বা কর্মসূচির কার্যক্রম ধারাবাহিকভাবে চলমান রয়েছে। | বিতরণ ও আদায় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | |
| উপজেলা মহিলা বিষয়ক দপ্তর | আলোচনাঃ ৭.১৩ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, আন্তর্জাতিক নারী দিবস-২০২৩ উপলক্ষ্যে জয়িতা অন্বেষণ এর আবেদন সংগ্রহের কাজ চলছে। VWB এর খাদ্য শষ্য বিতরণের বিষয়ে চালকল মালিকের সাথে চুক্তিপত্র না হওয়ায় বিতরণ বন্ধ রয়েছে। ইউনিয়ন পর্যায়ে মা ও শিশু ভাতা সেপ্টেম্বর/২০২৩ পর্যন্ত অনুমোদন করা হয়েছে। এছাড়া ক্ষুদ্র ঋণ কার্যক্রমসহ দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.১৩ ঃ ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে বাল্যবিবাহ প্রতিরোধসহ VWB ও মাতৃত্বভাতা প্রদান কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার জন্য বলা হলো।<br>জয়িতা অন্বেষণের বিষয়ে উন্মুক্ত আবেদন আহবান করতে হবে এবং বিষয়টি ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | আলোচনাঃ ৭.১৪ উপ-সহকারী প্রকৌশলী, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর সভায় বলেন যে, চলতি বরাদ্দের বিপরীতে টিউবয়েলের সকল তালিকা পাওয়া গেছে। বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। এছাড়া জানান যে, দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.১৪ ঃ বিস্তারিত আলোচনান্তে উপ-সহকারী প্রকৌশলী, সৈয়দপুরকে দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো।<br>এছাড়াও কাশিরাম বেলপুকুর ইউনিয়নের স্যানিটেশনের হার বৃদ্ধির জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর | আলোচনাঃ ৭.১৫ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, কাশিরামবেলপুকুর কালারবাজার হতে দেলোয়ারের বাড়ি পর্যন্ত ১সিঃমিঃ রাস্তা হেরিং বোন বন্ড করণের বরাদ্দ পাওয়া গেছে। দরপত্র বিজ্ঞপ্তি প্রদান করা হয়েছে। এছাড়া গ্রামীন অবকাঠামো সংস্কার র্কমসূচির আওতায় গৃহীত প্রকল্পসমূহের কাজ চলমান রয়েছে। | সিদ্ধান্ত ৭.১৫ ঃ বিস্তারিত আলোচনান্তে প্রকল্পসমূহ যেন সঠিকভাবে বাস্তবায়িত হয় তা তদারকির জন্য অনুরোধ করা হয়।<br>টিআর/কাবিখা/কাবিটা প্রকল্পের আওতায় গৃহীত প্রকল্পসমূহের কাজের প্রি-ওয়ার্কের ছবি এবং সরেজমিনে কাজের অগ্রগতি ও মান পরিদর্শনপূর্বক বিল প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| উপজেলা সমবায় দপ্তর | আলোচনাঃ ৭.১৬ উপজেলা সমবায় কর্মকর্তা, সৈয়দপুর সভায় জানান যে, বর্তমানে সমিতিগুলিকে উৎপাদনমুখী করার প্রচেষ্টা চলছে। এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.১৬ ঃ উপজেলা সমবায় কর্মকর্তা, সৈয়দপুরকে তাঁর দপ্তরের ঋণ বিতরণ ও আদায়সহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| উপজেলা পরিসংখ্যান দপ্তর | আলোচনাঃ ৭.১৭ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, সৈয়দপুর সভায় সৈয়দপুর সভায় জানান যে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.১৭ ঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| উপজেলা আনসার ভিডিপি দপ্তর | আলোচনাঃ ৭.১৮ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, সৈয়দপুর সভায় জানান যে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.১৮ ঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, সৈয়দপুরকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| উপজেলা যুব উন্নয়ন দপ্তর | আলোচনাঃ ৭.১৯ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সৈয়দপুর সভায় জানান যে, চলতি অর্থ বছরে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া ঋণ প্রদান, আত্মকর্মসংস্থান সৃষ্টি কার্যক্রমসহ অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সিদ্ধান্ত ৭.১৯ ঃ ১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সৈয়দপুরকে যুব প্রশিক্ষণ, ঋণ প্রদান, আত্মকর্মসংস্থান সৃষ্টি কার্যক্রমসহ স্বাভাবিক কার্যক্রম পরিচালনার জন্য বলা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | আলোচনাঃ ৭.২০ সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সৈয়দপুর সভায় জানান যে, আসন্ন শুষ্ক মৌসুমে অগ্নিকান্ড প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে তাঁর দপ্তর বিভিন্ন কার্যক্রম পরিচালনা করছে। | সিদ্ধান্ত ৭.২০ সিনিয়র স্টেশন অফিসার, সৈয়দপুরকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| উপজেলা বন বিভাগ | **আলোচনাঃ ৭.২১** ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি প্রশিক্ষণ কেন্দ্র, সৈয়দপুর সভায় জানান যে,দপ্তরের নিয়মিত কার্যক্রমের আওতায় বিভিন্ন জাতের বনজ ও ফলদ গাছের চারা উৎপাদন ও বিক্রয় চলছে। এ উপজেলায় নতুন ১০ কিঃমিঃ বনায়নের বরাদ্দ পাওয়া গেছে। বৃক্ষরোপনে প্রধানমন্ত্রী জাতীয় ট্রফি/২০২৩ এর জন্য আবেদন আহবান করা হয়েছে। কাশিরামবেলপুকুর ইউনিয়নের সামাজিক বনায়নের বড়ো/পুরোনো গাছগুলো কর্তনের লক্ষ্যে দরপত্র বিজ্ঞপ্তি আহবান করা হয়েছে। এছাড়াও তিনি জানান যে, সামাজিক বনায়নগুলি নিয়মিত তদারকি করা হয়। | **সিদ্ধান্ত ৭.২১ ঃ** ১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি প্রশিক্ষণ কেন্দ্র, সৈয়দপুরকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য বলা হলো।<br>বৃক্ষরোপনে প্রধানমন্ত্রী জাতীয় ট্রফি/২০২৩ এর বিজ্ঞপ্তির কপি বহুল প্রচারের সিদ্ধান্ত গৃহীত হলো। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি কেন্দ্র |
| আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক | **আলোচনাঃ ৭.২২** উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক, সৈয়দপুর সভায় জানান যে, সৈয়দপুর উপজেলায় মোট ১৩৫টি গ্রুপ রয়েছে। প্রত্যেক গ্রুপের সদস্য সংখ্যা ৬০জন। তাঁর দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | **সিদ্ধান্ত ৭.২২** উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক, সৈয়দপুরকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য বলা হলো। | উপজেলা সমন্বয়কারী আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক |
| পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | **আলোচনাঃ ৭.২৩** উপজেলা পল্লী দরিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, ঋণ বিতরণ ও আদায়সহ তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | **সিদ্ধান্ত ৭.২৩ ঃ** উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, সৈয়দপুরকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য বলা হলো। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| পরিদর্শক (পাট) এর কার্যালয় | **আলোচনাঃ ৭.২৪** পরিদর্শক (পাট) সভায় জানান যে, "পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন-২০১০" শতভাগ বাস্তবায়নের নিমিত্তে নিয়মিত ভ্রাম্যমান আদালত পরিচালনার কাজ চলমান রয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | **আলোচনাঃ ৭.২৪** পরিদর্শক (পাট), সৈয়দপুরকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য বলা হলো। | পরিদর্শক (পাট) |
| উপজেলা পাট উন্নয়ন দপ্তর | **আলোচনাঃ ৭.২৫** উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, সৈয়দপুর সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | **সিদ্ধান্ত ৭.২৫** উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, সৈয়দপুরকে মাঠ পর্যায়ে উপস্থিত থেকে পাট চাষিদের পাট চাষের বিষয়ে পরার্মশ প্রদানের জন্য বলা হলো এবং উপকারভোগীদের ডাটাবেজ প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), স্থানীয় সরকার বিভাগ | **আলোচনাঃ ৭.২৬** উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, সৈয়দপুর সভায় জানান যে, ৬ষ্ঠ পর্যায়ের (২০২১-২০২২ অর্থ বছরে) উপজেলা গভর্নেন্স এন্ড ডেভেলপমেন্ট প্রজেক্টের বরাদ্দের আওতায় কাশিরামবেলপুকু ইউনিয়নের হাজারীহাট উপ-স্বাস্থ্য কেন্দ্রের সামনে পানি নিষ্কাশনের ড্রেন নির্মান, হাজারীহাট উপ-স্বাস্থ্য কেন্দ্রে চিকিৎসা সরঞ্জামসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের আইসিটি ক্লাব ও বেঞ্চ সরবরাহের প্রকল্পের অনুমোদন পাওয়া গেছে। প্রকল্প বাস্তবায়নের জন্য পরবর্তী কার্যক্রম চলমান রয়েছে। | **সিদ্ধান্ত ৭.২৬** ২০২১-২০২২ অর্থ বছরের উপজেলা গভর্নেন্স এন্ড ডেভেলপমেন্ট প্রজেক্টের বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্পের কাজ দ্রুত সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর |
| তথ্য আপা | **আলোচনাঃ ৭.২৭** তথ্য আপা, সৈয়দপুর সভায় জানান যে, তাঁর দপ্তর হতে উপজেলার প্রত্যেক বাড়ির দরজায় গিয়ে তথ্য সহায়তা প্রদান করা হচ্ছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী সহায়তা প্রদানসহ উঠান বৈঠক আয়োজন করা হচ্ছে। এছাড়াও তিনি বলেন যে, তাঁর দপ্তর হতে নারীদের ওজন, ডায়বেটিস, প্রেসার বিনামূল্যে মেপে দেয়ার কাজ চলছে। | **সিদ্ধান্ত ৭.২৭** তথ্য আপা, সৈয়দপুরকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য বলা হলো। | তথ্য আপা, সৈয়দপুর |
| উপজেলা তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর | **আলোচনাঃ ৭.২৮** সহকারী প্রোগ্রামার, উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সৈয়দপুর সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | **সিদ্ধান্ত ৭.২৮** সহকারী প্রোগ্রামার, সৈয়দপুরকে প্রত্যেক ইউনিয়ন/অফিসের প্রকল্পসমূহ ওয়েব পোর্টালে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা | সহকারী প্রোগ্রামার |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | | হলো। | |
| পল্লী জীবিকায়ন প্রকল্প | আলোচনাঃ ৭.২৯ উপজেলা প্রকল্প কর্মকর্তা, পজীপ, বিআরডিবি সভায় জানান যে, ঋণ বিতরণ ও আদায়সহ তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সিদ্ধান্ত ৭.২৯ উপজেলা প্রকল্প কর্মকর্তা, পজীপ, বিআরডিবি সৈয়দপুরকে আশ্রয়ন প্রকল্পসমূহে সমিতি গঠনের অনুরোধসহ তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য বলা হলো। | উপজেলা প্রকল্প কর্মকর্তা |
| ইউনিয়ন পরিষদ | আলোচনাঃ ৭.৩০ সভায় উপস্থিত ইউপি চেয়ারম্যানগণ নিম্নোক্তভাবে তাঁদের বক্তব্য উপস্থাপন করেনঃ<br>চেয়ারম্যান, কামারপুকুর ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তাঁর ইউনিয়নের তোফায়েলের মোড়ের রাস্তার বেহাল দশা। চলতি বছরে বন্যায় কাঁচারী ঘাটের বাঁশের সাঁকোটি পানিতে ভেসে যাওয়ায় নদী পারাপারে মানুষের ব্যাপক সমস্যা হচ্ছে। এই সমস্যাগুলো দ্রুত সমাধান করা জরুরী হয়ে পড়েছে।<br>চেয়ারম্যান, বাঙ্গালীপুর ইউপি সভায় জানান যে, বিকাশ/ নগদ একাউন্টে বিভিন্ন ভাতাভোগীদের প্রাপ্ত অর্থ প্রতারণার মাধ্যমে উঠিয়ে নেয়ার সংখ্যা আশঙ্কাজনক হারে বৃদ্ধি পাচ্ছে। এছাড়াও বন্যা ও অতিবৃষ্টিতে ক্ষতিগ্রস্ত রাস্তাসমূহ দ্রুত মেরামত করা প্রয়োজন।<br>চেয়ারম্যান, খাতামধুপুর, বোতলাগাড়ী ও কাশিরামবেলপুকুর ইউপি সভায় জানান যে, তাঁদের ইউনিয়নের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই। | আলোচনাঃ ৭.৩০ সকল ইউপি চেয়ারম্যানগণকে ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য বলা হলো।<br><br>উপজেলা প্রকৌশলীকে কামারপুকুর ইউনিয়নের কাঁচারী ঘাটে সেতু নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।<br><br>উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে ভাতাভোগীদের হয়রানী প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো। | ১। চেয়ারম্যান, সকল ইউপি<br><br>২। উপজেলা প্রকৌশলী<br><br>৩।উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| আলোচনা বিবিধঃ | আলোচনাঃ ৯ সভায় উপজেলা নির্বাহী অফিসার নিরাপদ খাদ্য আইন ২০১৩ বিষয়ে উপস্থাপন করেন এবং বাংলাদেশ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক প্রেরিত প্রচারণা পত্র পাঠ করে শোনান। "খাদ্যে ভেজাল ও দূষণ খাদ্য প্রতিরোধে সামাজিক আন্দোলন" এ বিষয়ে জেলা পর্যায়ে পাবলিক মিটিং আয়োজনের সম্ভাব্য রুপরেখা পাওয়া গেছে। তারই আলোকে উপজেলা পর্যায়ে সচেতনতামূলক আলোচনা সভা, ভিডিও ও প্রচারপত্র প্রদর্শনী এবং মাইকিং এর মাধ্যমে প্রচারণার কর্মসূচি প্রণয়ন পূর্বক বাস্তবায়নের জন্য নির্দেশনা দেয়া হয়েছে। বিস্তারিত আলোচনা হয়। | সিদ্ধান্ত ৮ ঃ বিস্তারিত আলোচনান্তে নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান |

০৯। উপজেলা নির্বাহী অফিসার সভায় এ উপজেলায় জঙ্গী তৎপরতা রোধকল্পে জনসাধারণকে উদ্বুদ্ধ ও সচেতনতা বৃদ্ধিকরাসহ মসজিদের ইমামগণকে জঙ্গী তৎপরতার কুফল সম্পর্কে খুতবার শেষে বক্তব্য প্রদানের বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেন। জঙ্গীবাদের বিরুদ্ধে গণসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভায় আলোচনা করার জন্য অনুরোধ করা হয়।

১০। সভাপতি সভায় বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর হতে প্রাপ্ত মানব পাচার রোধ সংক্রান্ত পত্রখানা সভায় উপস্থাপন করেন। এ উপজেলায় মানব পাচার রোধ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। মানব পাচার রোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মসজিদে জুম্মার নামাজের খুতবার পূর্বে আলোচনা করার জন্য মসজিদের ইমামগণকে অনুরোধ করা হয়। এছাড়াও মানব পাচার রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভার পক্ষ থেকে অফিসার ইনচার্জ, সৈয়দপুর থানা ও সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।

১১। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে ২০২৩-২০২৪ অর্থবছরে উপজেলা উন্নয়ন তহবিল (রাজস্ব উদ্বৃত) এর আওতায় খাতওয়ারী প্রকল্প গ্রহণপূর্বক বাছাই কার্যক্রম প্রকল্প বাছাই কমিটির গত ১৪/০৮/২০২৩ ইং তারিখের সভায় সম্পন্ন হয়েছে এবং বাছাই কমিটির উক্ত সভায় বাছাইকৃত প্রকল্পসমূহ অনুমোদনের জন্য উপজেলা পরিষদের সভায় উপস্থাপনের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। এক্ষনে বাছাইকৃত প্রকল্পসমূহ নিম্নোক্তভাবে উপস্থাপন করা হলোঃ



CamScanner

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্রকল্পের খাত | টাকার পরিমান | বাস্তবায়নের পদ্ধতি | অর্থের উৎস | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১ | বাঙ্গালীপুর ইউনিয়নের লক্ষণপুর পুরাতন বটতলী মাঠের পানি নিস্কাশনের জন্য ড্রেন নির্মাণ | কৃষি ও সেচ | ২২৩৬৩০.০০ | LTM | UPDF | |
| ০২ | বাঙ্গালীপুর ইউনিয়নের ৩নং ওয়ার্ডের বিমানবন্দর পশ্চিমপাড়া জামে মসজিদ গেট হতে আমিনুলের বাড়ী পর্যন্ত রাস্তা সিসিকরণ। | পরিঃ ও যোগাযোগ | ১০৯৩৭৬.০৭ | LTM | UPDF | |
| ০৩ | বাঙ্গালীপুর ইউনিয়নের ২নং ওয়ার্ডে খড়খড়িয়াপাড়া হতে নদী পর্যন্ত ড্রেন নির্মাণ | কৃষি ও সেচ | ২০০০০০.০০ | LTM | UPDF | |
| ০৪ | বাঙ্গালীপুর ইউনিয়নের ৪নং ওয়ার্ড মুন্সিপাড়া আকবার মাষ্টার বাড়ী হতে ওয়াক্তিয়া নামাজ ঘর পর্যন্ত রাস্তা সিসিকরণ। | পরিঃ ও যোগাযোগ | ২০০০০০.০০ | LTM | UPDF | |
| ০৫ | বাঙ্গালীপুর ইউনিয়নের লক্ষনপুর স্কুল এন্ড কলেজের মেইন গেট নির্মাণ | শিক্ষার উন্নয়ন | ৫৮২৬৩২.৫২ | LTM | UPDF | |
| ০৬ | বাঙ্গালীপুর ইউনিয়নের ৯নং ওয়ার্ডের কোড়ানীপাড়া মসজিদ হতে পাঁচপীড় মোড় পর্যন্ত রাস্তা সিসিকরণ। | পরিঃ ও যোগাযোগ | ২০০০০০.০০ | LTM | UPDF | |
| ০৭ | উপজেলা পাকা রাস্তা হতে বাঙ্গালীপুর নিজপাড়া স্কুল পর্যন্ত রাস্তা সিসিকরণ। | পরিঃ ও যোগাযোগ | ৪৫০০০০.০০ | LTM | UPDF | |
| ০৮ | বাঙ্গালী ্র ইউনিয়নের ৭নং ওয়ার্ডের ডাঙ্গাপাড়া এনামুলের বাড়ী হতে পাকা রাস্তা পর্যন্ত রাস্তা সিসিকরণ। | পরিঃ ও যোগাযোগ | ৩৫০০০০.০০ | LTM | UPDF | |
| ০৯ | বাঙ্গালীপুর ইউনিয়নের ৯নং ওয়ার্ডের খিয়ারপাড়া আব্দুল গণি বাড়ী হতে দোলাপাড়া আব্দুল মালেক মাষ্টারের বাড়ী পর্যন্ত রাস্তা সিসিকরণ। | পরিঃ ও যোগাযোগ | ৩০০০০০.০০ | LTM | UPDF | |
| ১০ | বাঙ্গালীপুর ইউনিয়নের ৪নং ওয়ার্ডের হামিদুলের বাড়ী হতে আইয়ুবের বাড়ী পর্যন্ত ড্রেন নির্মাণ। | কৃষি ও সেচ | ১৫০০০০.০০ | LTM | UPDF | |
| ১১ | কামারপুকুর ইউনিয়নের ১ নং ওয়ার্ডের করবস্থানের নিকট গার্ডওয়াল নির্মাণ | পরিঃ ও যোগাযোগ | ৩০০০০০.০০ | LTM | UPDF | |
| ১২ | কামারপুকুর ইউনিয়নের ৫ নং ওয়ার্ডের ব্রম্মোত্তর টৌলারতল এর নিকট মামুন বাড়ী হতে আব্দুল আমিন মশোপাড়া পর্যন্ত রাস্তা সিসিকরণ। | পরিঃ ও যোগাযোগ | ৬০০০০০.০০ | LTM | UPDF | |
| ১৩ | কাশিরামবেলপুকুর ইউনিয়নের ওয়ার্ড নং ১ মিস্ত্রিপাড়া কাছু বাড়ী হতে মোকলেছ মিস্ত্রী বাড়ী হুগলীপাড়া লতিফ দোকান ওয়ার্ড নং ৬ এবং কাজিপাড়া ময়নুলের পুকুলে ওয়ার্ড নং ৯ গার্ড ওয়াল নির্মাণ। | পরিঃ ও যোগাযোগ | ৫৯৯২৯০.৮৬ | LTM | UPDF | |
| ১৪ | কাশিরামবেলপুকুর ইউনিয়নের ওয়ার্ড নং ৬ বানিয়াপাড়া লোকমান, বাবুল এর বাড়ী পুকুরে গার্ড ওয়াল নির্মাণ। | পরিঃ ও যোগাযোগ | ১৮৫৭৭৪.৭৩ | LTM | UPDF | |
| ১৫ | কাশিরামবেলপুকুর ইউনিয়নের ওয়ার্ড নং ১ পাকাধরা পুর্ব ঈদগাহ মাঠের ধারে গার্ডওয়াল নির্মাণ। | পরিঃ ও যোগাযোগ | ৭৩৪১৪৩.৮৭ | LTM | UPDF | |
| ১৬ | কাশিরামবেলপুকুর ইউনিয়নের ওয়ার্ড নং ১ পুকুরপাড়া হায়দার পুকুর গার্ডওয়াল নির্মাণ | পরিঃ ও যোগাযোগ | ১৯৬৪১৯.৬০ | LTM | UPDF | |
| ১৭ | কাশিরা॰॰বেলপুকুর ইউনিয়নের ওয়ার্ড নং ৪ কুমারগাড়ী মশিউরের বাড়ীর রাস্তা সিসিকরন। | পরিঃ ও যোগাযোগ | ৬৭০৭১৬.১৮ | LTM | UPDF | |
| ১৮ | কাশিরামবেলপুকুর ইউনিয়নের ওয়ার্ড নং ৫ দোয়ানিপাড়া হতে বটতলী পর্যন্ত রাস্তা সিসিকরন। | পরিঃ ও যোগাযোগ | ৫২৮৫৬২.২৯ | LTM | UPDF | |
| ১৯ | কাশিরামবেলপুকুর ইউনিয়নের ওয়ার্ড নং ৪ দেড়ানী খাদেম এর বাড়ী হতে ডুংগুর ভিটা পর্যন্ত রাস্তা সিসিকরন। | পরিঃ ও যোগাযোগ | ৬১১৩৯৬.৬৮ | LTM | UPDF | |
| ২০ | কাশিরামবেলপুকুর ইউনিয়নের ওয়ার্ড নং ৪ বাঁশতলীপাড়া বিশাদুর বাড়ী হতে মকলেছ এর বাড়ী পর্যন্ত সিসিকরন। | পরিঃ ও যোগাযোগ | ৪০৬৬৮১.৩৬ | LTM | UPDF | |
| ২১ | খাতামধুপুর ইউনিয়নের ওয়ার্ড নং ৭ সর্দারপাড়া আনোয়ার বাড়ী হতে বায়েজিত মেম্বার মসজিদ পর্যন্ত রাস্তা সিসি করন। (চেইঃ ১২৮-১৯৫মিঃ) | পরিঃ ও যোগাযোগ | ৩০১০৬৪.২৯ | LTM | UPDF | |
| ২২ | কামারপুকুর ইউনিয়নের ওয়ার্ড নং ১ ভেটেনারী অফিস হতে মুক্তিযোদ্ধা মোঃ সালাহউদ্দিন এর বাড়ীর সামনে আরসিসি ড্রেন নির্মাণ। | পরিঃ ও যোগাযোগ | ২১৯০৮৩.৮৬ | LTM | UPDF | |
| ২৩ | কাশিরামবেলপুকুর ইউনিয়নের ওয়ার্ড নং ৩ বাগিচাপাড়া ক্যানেলের পুল হতে আব্দুলের বাড়ীর নিকট পাকা রাস্তা মোড় পর্যন্ত রাস্তা সিসিকরন। | পরিঃ ও যোগাযোগ | ৪৯৫১৮৫.১২ | LTM | UPDF | |
| ২৪ | খাতামধুপুর ইউনিয়নের ওয়ার্ড নং ৭ সর্দারপাড়া আনোয়ারের বাইজিদ মেম্বার মসজিদ পর্যন্ত রাস্তা সিসিকরন। (চেঃ ০০-১২৮ মিঃ) | পরিঃ ও যোগাযোগ | ৬৫৯৯৫৭.৪১ | LTM | UPDF | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ২৫ | খাতামধুপুর ইউনিয়নের ওয়ার্ড নং ৭ সর্দারপাড়া আনোয়ারের বাইজিদ মেম্বার মসজিদ পর্যন্ত রাস্তা সিসিকরন। (চেইঃ ১৯৫-২৪০মিঃ) | পরিঃ ও যোগাযোগ | ২০০৭৭২.৭৯ | LTM | UPDF | |
| ২৬ | কাশিরামবেলপুকুর ইউনিয়নের ওয়ার্ড নং,৩ বাগিচাপাড়া ক্যানেলের পুল হতে আবুলের বাড়ীর নিকট পাকা রাস্তা মোড় পর্যন্ত রাস্তা সিসিকরন। | পরিঃ ও যোগাযোগ | ২৯৯৬৪৭.৪০ | LTM | UPDF | |
| ২৭ | খাতামধুপুর ইউনিয়নের ওয়ার্ড নং ১ ওয়ার্ডের আনছার মাষ্টার মিল হতে বক্সাপাড়া মসজিদ পর্যন্ত রাস্তা সিসিকরন। | পরিঃ ও যোগাযোগ | ৪০০০০০.০০ | LTM | UPDF | |
| ২৮ | খাতামধুপুর ইউনিয়নের ওয়ার্ড নং ৮ ভুল্লাপাড়া দূর্গামন্দির হতে R&H পর্যন্ত রাস্তা সিসিকরন। | পরিঃ ও যোগাযোগ | ২৯৪৪৮৯.২২ | LTM | UPDF | |
| ২৯ | বোতলাগাড়ী ইউনিয়নের ওয়ার্ড নং ৫ ভুল্লিপাড়া রাস্তা সিসিকরণ | পরিঃ ও যোগাযোগ | ৬৯৯৬৪৮.৮২ | LTM | UPDF | |
| ৩০ | বোতলাগাড়ী ইউনিয়নের ওয়ার্ড নং ৯ আব্দুল জলিল বাড়ী হতে কফিল মেম্মারের মোড়ে গার্ডওয়াল নির্মাণ। | পরিঃ ও যোগাযোগ | ৩৫০৮২৫.৩৭ | LTM | UPDF | |
| ৩১ | বোতলাগাড়ী ইউনিয়নের ওয়ার্ড নং ৯ সাত্তারের বাড়ীর সামনে রাস্তা সিসিকরন। | পরিঃ ও যোগাযোগ | ৬৪৯৯৯৩.১৭ | LTM | UPDF | |
| ৩২ | বোতলাগাড়ী ইউনিয়নের ওয়ার্ড নং ৫ শ্বাষকান্দর লিয়াকত এর বাড়ী যাওয়ার রাস্তায় ড্রেন নির্মাণ। | কৃষি ও সেচ | ২৫০০০০.০০ | LTM | UPDF | |
| ৩৩ | বোতলাগাড়ী ইউনিয়নের ওয়ার্ড নং ৯ আব্দুল জলিল বাড়ী হতে কফিল মেম্বার রাস্তা সিসিকরন। | পরিঃ ও যোগাযোগ | ৬০০০৬৮.৬৬ | LTM | UPDF | |
| ৩৪ | বোতলাগাড়ী ইউনিয়নের ওয়ার্ড নং ৪ খরখরিয়া ব্রীজ হতে রফিকুল বাড়ী পর্যন্ত রাস্তা সিসিকরন। | পরিঃ ও যোগাযোগ | ৪৯৪৩৬২.৬৪ | LTM | UPDF | |
| ৩৫ | বোতলাগাড়ী ইউনিয়নের ওয়ার্ড নং ৯ মবার মাষ্টার বাড়ী হতে পুরাতন মসজিদ সড়ক সিসিকরন। | পরিঃ ও যোগাযোগ | ৩০৬৯৬৭.৮৯ | LTM | UPDF | |
| ৩৬ | বোতলাগাড়ী ইউনিয়নের বোতলাগাড়ী হাইস্কুলের বাউন্ডারী ওয়াল নির্মাণ। | শিক্ষার উন্নয়ন | ৩০০০০০.০০ | LTM | UPDF | |
| ৩৭ | বোতলাগাড়ী ইউনিয়নের ওয়ার্ড নং ৭ উত্তর সোনাখুলী সমলাপাড়া বুড়িরবাজার হতে বাবু বাড়ী পর্যন্ত রাস্তা সিসিকরন। | পরিঃ ও যোগাযোগ | ২৯৮০৫৬.৫৭ | LTM | UPDF | |
| ৩৮ | বোতলাগাড়ী ইউনিয়নের ওয়ার্ড নং ৫ জাহির আলী বাড়ী যাওয়ার রাস্তায় সিসিকরন। | পরিঃ ও যোগাযোগ | ১৩৭৭৪২.০০ | LTM | UPDF | |
| ৩৯ | বোতলাগাড়ী ইউনিয়নের ওয়ার্ড নং ৯ উত্তর সোনাখুলী বুড়ির বাজার সাইফুর আলীর পুকুর ধারে আরসিসি ড্রেন নির্মাণ। | কৃষি ও সেচ | ১৯৯৬১৬.৫৭ | LTM | UPDF | |
| ৪০ | বোতলাগাড়ী ইউনিয়নের ওয়ার্ড নং ৬ চেংমারীপাড়া রেজা মাষ্টার বাড়ী হতে কবরস্থান পর্যন্ত রাস্তা সিসিকরন। | পরিঃ ও যোগাযোগ | ২০১৫০৩.০৩ | LTM | UPDF | |
| ৪১ | বোতলাগাড়ী ইউনিয়নের ওয়ার্ড নং ১ মাছুয়াপাড়া মাদ্রাসার পুকুরে গার্ডওয়াল নির্মাণ। | পরিঃ ও যোগাযোগ | ১৭৫৪১২.৬৮ | LTM | UPDF | |
| ৪২ | বোতলাগাড়ী ইউনিয়নের ০৭নং ওয়ার্ডে উত্তর সোনাখূলী কাচারীপাড়া সামাদের বাড়ি হতে জলিলের বাড়ি পর্যন্ত রাস্তা সিসিকরণ | শিক্ষার উন্নয়ন | ২০০০০০.০০ | LTM | UPDF | |
| ৪৩ | কামারপুকুর ডিগ্রি কলেজে শহীদ মিনার নির্মাণ | শিক্ষার উন্নয়ন | ৯,২৭,০০০/- | LTM | UPDF | |

**সিদ্ধান্তঃ** বাছাই কমিটি কর্তৃক প্রস্তাবিত প্রকল্পসমূহ (প্রকল্প বাছাই কমিটি দ্বারা বাস্তবায়নযোগ্য প্রকল্পের ক্ষেত্রে প্রকল্প বাছাই কমিটিসহ) সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হলো।

১। তিনি আরো জানান যে ২০২৩-২০২৪ ইং অর্থবছরে উপজেলা পরিষদের উপজেলা উন্নয়ন তহবিল (রাজস্ব উদ্বৃত্ত) এর আওতায় গৃহীত সকল কাজ ই-জিপি পদ্ধতিতে বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। বিধায় ২০২৩-২০২৪ অর্থবছরে উপজেলা পরিষদের সকল কাজ (পিআইসি ব্যতিত) ইজিপি'র মাধ্যমে LTM পদ্ধতিতে অনলাইনে দরপত্র আহবানের মাধ্যমে বাস্তবায়ন করা যায়।

**সিদ্ধান্তঃ** উপজেলা প্রকৌশলী কর্তৃক উত্থাপিত প্রস্তাবটি যৌক্তিক হওয়ায় ২০২৩-২০২৪ অর্থবছরে উপজেলা পরিষদের সকল কাজ ইজিপি'র মাধ্যমে LTM পদ্ধতিতে দরপত্র আহবানের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হলো।

২। পূর্বের সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদের পুরাতন জানালা নিলামে বিক্রয়ের জন্য ৫২০০/- প্রাক্কলন প্রস্তুতপূর্বক উপস্থাপন করা হলো।

**সিদ্ধান্তঃ** উপজেলা পষিদের হলরুমের ৭টি পুরাতন জানালা নিলামের মাধ্যমে বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা



CamScanner

প্রকৌশলীকে বলা হলো।

৩। PEDP4 প্রকল্পের আওতায় ২০২৩-২৪ অর্থ বৎসরে Sab-odinate Colony সরকারী প্রাথমিক বিদ্যালয় যার Package No PEDP4/NIL/SAI/2023-24/W2.06032 অতিরিক্ত শ্রেনীকক্ষ নির্মাণের দরপত্র আহবানের জন্য অনুমোদন পাওয়া যায়। কিন্তু স্কুলটি বাংলাদেশ রেলওয়ের আওতাভুক্ত হওয়ায় উক্ত স্থানে ১০০ শর্যা হাসপাতাল নির্মানের জন্য অনুমোদন পাওয়ায় দরপত্র আহবান না করার জন্য রেলওয়ে কর্তৃপক্ষ আপত্তি জানিয়েছেন।

সিদ্ধান্ত ঃ Sab-odinate Colony সরকারী প্রাথমিক বিদ্যালয়টি বাংলাদেশ রেলওয়ের আওতাভুক্ত হওয়ায় এবং উক্ত স্থানে ১০০ শয্যা হাসপাতাল নির্মাণের জন্য রেলওয়ে কর্তৃপক্ষ আপত্তি জানিয়েছেন বিধায় আপাতত দরপত্র আহবান না করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।

১২। EUCP-II প্রকল্পের আওতায় সৈয়দপুর উপজেলা পরিষদের সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণের জন্য ডিজিটাল টপোগ্রাফিক্যাল সার্ভে ও সয়েল টেস্ট কাজের দরপত্র বিজ্ঞপ্তি আহ্বান করা হলে গত ২৪/০১/২১ তারিখের উপজেলা দরপত্র মূল্যায়ন কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক আইডিয়াল ডিজাইন এন্ড কনসালটেন্সি কে কার্যাদেশ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। সিদ্ধান্ত মোতাবেক কার্যাদেশ প্রদান করা হলে ঠিকাদার কাজ সম্পন্ন করে বিল দাখিল করেন , মোট বিলের পরিমান=৬০,০০০/-(মাত্র ষাট হাজার টাকা)

**সিদ্ধান্ত:** সভায় উক্ত বিষয়ে বিষদ আলোচনান্তে বর্ণীত পত্রিকার বিল ও উপজেলা পরিষদের সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণের জন্য ডিজিটাল টপোগ্রাফিক্যাল সার্ভে ও সয়েল টেস্ট কাজের বিল উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হলো।

১৩। খাতামধুপুর ইউনিয়নের পীড়পুকুর ঠনঠনিয়াপাড়া কালু চৌধুরীর মোড় এবং রথেরপুকুর স্কুল মোড় হতে ডাঙ্গারহাট ড্রাম সিট প্যালাসাইডিং নির্মাণ। টাকার পরিমান- ১,১০,০০০/- (এক লক্ষ দশ হাজার টাকা)।

| ক্রঃনং | প্রকল্প কমিটির সদস্যের নাম | সামাজিক পদবী | প্রকল্প কমিটিতে অবস্থান |
|---|---|---|---|
| ০১ | শ্রী তাপস কুমার মহন্ত | ইউপি সদস্য | সভাপতি |
| ০২ | মোঃ মতলুবার রহমান | শিক্ষক | সেক্রেটারী |
| ০৩ | মোঃ আলমগীর হোসেন | ইমাম | সদস্য |
| ০৪ | মোঃ সাদেক আলী | গণ্যমান্য | সদস্য |
| ০৫ | মোঃ মিঠু ইসলাম | আনছার ভিডিপি | সদস্য |

গঠিত প্রকল্প কমিটিকে প্রাক্কলন মোতাবেক প্রকল্পটি সম্পন্ন করার জন্য বলা হলো।

১৪। উপজেলা প্রকৌশলী সভায় উল্লেখ করেন যে, খাতামধুপুর ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে পানি নিস্কাশনের জন্য আরসিসি পাইপ সরবরাহের প্রকল্পটি ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা দ্বারা সম্পন্ন করা সম্ভব না হওয়ায় উক্ত প্রকল্পটি নিম্নলিখিতভাবে পরিবর্তন করা যেতে পারে।

| ক্রমিক নং | বর্তমান প্রকল্পের নাম | পরিবর্তিত প্রকল্পের নাম | বরাদ্দের পরিমান |
|---|---|---|---|
| | খাতামধুপুর ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে পানি নিস্কাশনের জন্য আরসিসি পাইপ সরবরাহ | খাতামধুপুর ইউনিয়নের ০৮নং ওয়ার্ডের সরকার পাড়ার আব্দুর রশীদের বাড়ি হতে জয়নাল ঘুটুর বাড়ি পর্যন্ত রাস্তা সলিংকরণ | ২,০০,০০০/- |

**সিদ্ধান্তঃ** উল্লিখিত প্রকল্পটি সভায় সর্বসম্মতিক্রমে পরিবর্তন করার সিদ্ধান্ত গৃহীত হলো এবং পূর্বে গঠিত কমিটি বহাল রেখে কাজটি বরাদ্দ অনুযায়ী সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

১৫। উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়ঃ

| | | |
|---|---|---|
| ১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর মহোদয়ের সেপ্টেম্বর/২০২৩ মাসের সম্মানি বাবদ | ৪০,০০০/- |
| ২. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর এর সেপ্টেম্বর/২০২৩মাসের সম্মানি বাবদ | ২৭,০০০/- |
| ৩. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর সেপ্টেম্বর/২০২৩মাসের সম্মানি বাবদ | ২৭,০০০/- |
| ৪. | উপজেলা পরিষদের মালির সেপ্টেম্বর/২০২৩মাসের মজুরী | ১৬,৫০০/- |
| ৫. | উপজেলা পরিষদের সুইপারের সেপ্টেম্বর/২০২৩ মাসের মজুরী | ১৬,৫০০/- |
| ৬. | উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২৩ মাসের আপ্যায়ন ব্যয় বাবদ | ২৬,৮৫০/- |
| ৭. | উপজেলা পরিষদ কার্যালয়ের সেপ্টেম্বর/২০২৩ মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ | ৪,৪৭৫/- |
| ৮. | পরিষদের কম্পিউটার সামগ্রী ক্রয় | ৪,২৯৬/- |
| ৯. | উপজেলা পরিষদের আবাসিক এলাকার ড্রেন পরিস্কার বাবদ | ৮,০০০/- |



CamScanner

| | | |
|---|---|---|
| ১০. | উপজেলা পরিষদের আপ্যায়ন, আনুষঙ্গিক, কম্পিউটার সামগ্রী ক্রয় বাবদ ব্যয়ের আয়কর | ১,১৯৪/- |
| ১১. | উপজেলা পরিষদের আপ্যায়ন, আনুষঙ্গিক, কম্পিউটার সামগ্রী ক্রয় বাবদ ব্যয়ের ভ্যাট | ২,৯৮৫/- |
| ১২. | দৈনিক মানব কণ্ঠ পত্রিকায় বিজ্ঞাপন বাবদ (দরপত্র নং- ০৯/২০২২-২৩) | ১০,৩৬৮/- |
| ১৩. | দৈনিক মানব কণ্ঠ পত্রিকায় বিজ্ঞাপন বাবদ ব্যয়ের আয়কর | ৪৩২/- |
| ১৪. | দৈনিক মানব কণ্ঠ পত্রিকায় বিজ্ঞাপন বাবদ ব্যয়ের ভ্যাট | ১,৬২০/- |
| ১৫. | দৈনিক নীলফামারী বার্তা পত্রিকায় বিজ্ঞাপন বাবদ (দরপত্র নং- ০৯/২০২২-২৩) | ৭,৩৭৩/- |
| ১৬. | দৈনিক নীলফামারী বার্তা পত্রিকায় বিজ্ঞাপন বাবদ ব্যয়ের আয়কর | ৩০৭/- |
| ১৭. | দৈনিক নীলফামারী বার্তা পত্রিকায় বিজ্ঞাপন বাবদ ব্যয়ের ভ্যাট | ১,১৫২/- |
| ১৮. | উপজেলা পরিষদের মালির দুর্গা পূজার উৎসব ভাতা | ১৬,৫০০/- |
| ১৯. | উপজেলা পরিষদের সুইপারের দুর্গা পূজার উৎসব ভাতা | ১৬,৫০০/- |
| ২০. | উপজেলা পরিষদের জীপ গাড়ী জুলাই/২৩ হতে সেপ্টেম্বর/২০২৩ পর্যন্ত জ্বালানী বাবদ | ৭৪,৮২৬/- |
| ২১. | উপজেলা পরিষদের জীপ গাড়ী জুলাই/২৩ হতে সেপ্টেম্বর/২০২৩ পর্যন্ত জ্বালানী বাবদ ব্যায়ের ভ্যাট | ৫,৬১২/- |
| ২২. | উপজেলা পরিষদের জীপ গাড়ী মেরামত বাবদ ব্যয় | ২১,৬৩৬/- |
| ২৩. | উপজেলা পরিষদের জীপ গাড়ী মেরামত বাবদ ব্যয়ের ভ্যাট | ২,৪৯০/- |
| ২৪. | উপজেলা পরিষদের জীপ গাড়ী মেরামত বাবদ ব্যয়ের আকর | ৭৪৭/- |
| ২৫. | অগ্নিকান্ডে দোকান ভষ্মিভুত হওয়ায় অপ্রত্যাশিত খাত হতে সহায়তা | ২৮,০০০/- |
| ২৬. | উপজেলা পরিষদের হলরুম ও সিড়ি রুম মেরামত কাজের ব্যয় | ২,৬৭,৯৯৩/- |
| ২৭. | উপজেলা পরিষদের হলরুম ও সিড়ি রুম মেরামত কাজের ব্যয়ের আয়কর | ৯,৭০৮/- |
| ২৮. | উপজেলা পরিষদের হলরুম ও সিড়ি রুম মেরামত কাজের ব্যয়ের ভ্যাট | ২৯,৭১৪/- |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মোখছেদুল মোমিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সৈয়দপুর, নীলফামারী।



CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সৈয়দপুর, নীলফামারী।
**www.syedpur.nilphamari.gov.bd**

স্মারক নং- ০৫.৪৭.৭৩৮৫.০০০.০৩.০০২.২৩- ২২০৭ তারিখ ঃ ২৬ অক্টোবর ২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো ঃ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫-নীলফামারী-০৪/ মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৩২৩-মহিলা আসন-২৩।

০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

০৪। জেলা প্রশাসক, নীলফামারী।

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর।

০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নীলফামারী।

০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর।

০৮। উপজেলা ..................................................অফিসার, সৈয়দপুর, নীলফামারী।

০৯। চেয়ারম্যান,..................................................ইউপি(সকল), সৈয়দপুর, নীলফামারী।

১০। জনাব................................................সংরক্ষিত নারী সদস্য, উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।

১১। অফিস কপি ।

(ফয়সাল রায়হান)
উপজেলা নির্বাহী অফিসার
সৈয়দপুর, নীলফামারী।
ফোনঃ ০২৫৮৯৯৫৬৯০১
মোবাঃ ০১৭১৩৩৯০৬৬৬



CamScanner